গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৯০/২০১৮-২০১৯
ঢাকা, বুধবার ৩ এপ্রিল ২০১৯, ২০ চৈত্র ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বিজিএমইএ'র নতুন ভবন আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
২। আগামী বাজেট থেকে সব প্রতিবন্ধী ভাতা পাবেন : প্রধানমন্ত্রী
প্রতিটি বিভাগে হবে অটিস্টিক শিশু পরিচর্যা কেন্দ্র
৩। প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে বেসরকারি ব্যাংকগুলোর অনুদান
৪। প্রধানমন্ত্রীর সাথে যুক্তরাজ্যের হাইকমিশনারের সাক্ষাৎ : রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসনের আহ্বান
৫। রোহিঙ্গাদের শান্তিপূর্ণ প্রত্যাবাসন নিশ্চিতে ভূমিকা রাখতে তুরস্কের প্রতি স্পিকারের আহ্বান
৬ । এমপি হিসেবে শপথ নিলেন গণফোরাম নেতা মোকাব্বির খান
৭। দেশে ডাউনলিঙ্ককৃত বিদেশি চ্যানেলে বিজ্ঞাপন বন্ধে আইন প্রয়োগ শুরু : তথ্যমন্ত্রী
৮। আগামী বাজেটে এক টাকাও কর বাড়বে না : সংবাদ সম্মেলনে অর্থমন্ত্রী
৯। আর্থিকখাতে বিশৃঙ্খলা সহ্য করা হবে না : পদ্মা ব্যাংকের সম্মেলনে অর্থমন্ত্রী
১০। জিপিএ- ৫ এর প্রতিযোগিতায় ম্লান হচ্ছে শৈশব-কৈশোর : শিক্ষামন্ত্রী
১১। জাহাজ নির্মাণ শিল্পনীতি প্রণয়নে কারিগরি সহায়তা দেবে নরওয়ে
১২। বাংলাদেশ ও নেদারল্যান্ডস এর মধ্যে ব্যবসা ও বিনিয়োগ বৃদ্ধির আশ্বাস
১৩। পবিত্র শবেমেরাজ আজ
১৪। জাতীয় চলচ্চিত্র দিবস আজ
১৫। খেলাধুলা মাদক থেকে শিক্ষার্থীদের দূরে রাখে : যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

১। **বিজিএমইএ'র নতুন ভবন আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

রাজধানীর উত্তরায় বিজিএমইএর নতুন ভবনে আংশিক কার্যক্রম শুরু হচ্ছে আজ (৩ এপ্রিল বুধবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল ১১টায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে নতুন ভবনটি উদ্বোধন করবেন। এছাড়া নতুন করে আরও ১৩টি ইজেডের উন্নয়নকাজের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

২। **আগামী বাজেট থেকে সব প্রতিবন্ধী ভাতা পাবেন : প্রধানমন্ত্রী**
**প্রতিটি বিভাগে হবে অটিস্টিক শিশু পরিচর্যা কেন্দ্র**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিবন্ধী জনগোষ্ঠীর কল্যাণে তাঁর সরকারের পদক্ষেপসমূহ তুলে ধরে বলেছেন, সরকার আগামী বাজেট থেকে দেশের সব প্রতিবন্ধীকে ভাতা প্রদান করবে। একইসঙ্গে প্রতিটি বিভাগীয় শহরে অটিস্টিক শিশু পরিচর্যা কেন্দ্র স্থাপন করা হবে। গতকাল (২ এপ্রিল মঙ্গলবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ১২তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস-২০১৯ উপলক্ষে সমাজকল্যাণ মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি আরো বলেন, বর্তমানে সরকার ১০ লাখ প্রতিবন্ধী ব্যক্তিকে মাসিক ৭০০ টাকা হারে ভাতা প্রদান করছে এবং সেন্সাস রিপোর্ট অনুযায়ী দেশে এখন ১৪ লাখ প্রতিবন্ধী জনগোষ্ঠী রয়েছে, যারা আগামীতে ভাতার আওতায় আসবে। প্রধানমন্ত্রী প্রতিবন্ধীদের মেধাকে কাজে লাগানোর ক্ষেত্রে সমাজের বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান জানান। প্রতিবন্ধীদের জন্য তাঁর সরকার এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় আধাঘন্টা সময় বাড়িয়ে দিয়েছে বলে জানান প্রধানমন্ত্রী। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

৩। **প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে বেসরকারি ব্যাংকগুলোর অনুদান**

প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে আর্থিক অনুদান দিয়েছে বিভিন্ন বেসরকারি ব্যাংক। গতকাল (২ এপ্রিল মঙ্গলবার) গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে অনুদানের চেক তুলে দেওয়া হয়। বাংলাদেশ অ্যাসোসিয়েশন অভ্ ব্যাংকের (বিএবি) চেয়ারম্যান এর নেতৃত্বে বেসরকারি ব্যাংকগুলোর চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকরা নিজ নিজ ব্যাংকের পক্ষে চেকগুলো প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করেন। আর্তমানবতার সেবায় এগিয়ে আসায় প্রধানমন্ত্রী তাদের ধন্যবাদ জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৭), **ইনকিলাব** (পৃ.১৯,ক.৮), **বণিক বাতা** (পৃ.১,ক.৬)।

৪। **প্রধানমন্ত্রীর সাথে যুক্তরাজ্যের হাইকমিশনারের সাক্ষাৎ : রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসনের আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের নিরাপদে দ্রুত প্রত্যাবাসনে মিয়ানমার সরকারের প্রতি আবারও আহ্বান জানিয়েছেন। গতকাল (২ এপ্রিল মঙ্গলবার) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে ঢাকায় যুক্তরাজ্যের নবনিযুক্ত হাইকমিশনার রবার্ট ডিকসন এর সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান। হাইকমিশনার বাংলাদেশের সাম্প্রতিক আর্থসমাজিক উন্নয়নের প্রশংসা করে বলেন, বাংলাদেশের মানুষের মধ্যে এখন আত্মাবিশ্বাস গড়ে উঠছে। এ দেশের মানুষের মধ্যে প্রবল সম্ভাবনা রয়েছে। যুক্তরাজ্য এ দেশের সঙ্গে কাজ করতে চায়। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৭), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

৫। **রোহিঙ্গাদের শান্তিপূর্ণ প্রত্যাবাসন নিশ্চিতে ভূমিকা রাখতে তুরস্কের প্রতি স্পিকারের আহ্বান**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী বাস্তচ্যুত রোহিঙ্গাদের নিরাপদ ও শান্তিপূর্ণ প্রত্যাবাসন নিশ্চিতে জোরালো ভূমিকা রাখতে তুরস্কের প্রতি আহ্বান জানিয়েছেন। বাংলাদেশে নিযুক্ত তুরস্কের রাষ্ট্রদূত দেভরিম ওজতুর্ক গতকাল (২ এপ্রিল মঙ্গলবার) সংসদ ভবনে স্পিকারের সঙ্গে সাক্ষাৎ করলে স্পিকার এ আহ্বান জানান। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, জোরপূর্বক বাস্তচ্যুত রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা মানবতার নবদ্বার উন্মোচন করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে উল্লেখ করে ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, বাংলাদেশে এখন বিনিয়োগের ইতিবাচক পরিবেশ রয়েছে। এ সময় তিনি রাষ্ট্রদূতের মাধ্যমে তুরস্কের ব্যবসায়ী সমাজকে বাংলাদেশে ওষুধ, তৈরিপোশাক ও আইসিটিখাতে বিনিয়োগের আহ্বান জানান। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১)।

**৬ । এমপি হিসেবে শপথ নিলেন গণফোরাম নেতা মোকাব্বির খান**

জাতীয় ঐক্যফ্রন্টের অন্যতম শরিক গণফোরাম নেতা মোকাব্বির খান সংসদ সদস্য হিসেবে শপথ নিয়েছেন। ৩০ ডিসেম্বর একাদশ সংসদ নির্বাচনে সিলেট-২ আসন থেকে গণফোরামের দলীয় প্রতীক 'উদীয়মান সূর্য' প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করে তিনি নির্বাচিত হন। জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী গতকাল (২ এপ্রিল মঙ্গলবার) তাঁর কার্যালয়ে মোকাব্বির খানকে শপথ পাঠ করান। সূত্র : **ইত্তেফাক** ( শেষ পৃ.ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৭। দেশে ডাউনলিঙ্ককৃত বিদেশি চ্যানেলে বিজ্ঞাপন বন্ধে আইন প্রয়োগ শুরু : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, টেলিভিশন শিল্পকে বাঁচাতে ডাউনলিঙ্ককৃত বিদেশি চ্যানেলে বিজ্ঞাপন বন্ধে সরকার আইন প্রয়োগ শুরু করেছে। সরকার কোনো চ্যানেল বন্ধ করেনি। সরকার প্রচলিত আইন প্রয়োগ করেছে মাত্র। গতকাল (২ এপ্রিল মঙ্গলবার) মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ চলচ্চিত্র প্রদর্শন সমিতির নেতাদের সঙ্গে এক বৈঠকে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ. ক. ৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৮। আগামী বাজেটে এক টাকাও কর বাড়বে না : সংবাদ সম্মেলনে অর্থমন্ত্রী**

আগামী ২০১৯-২০ অর্থবছরের বাজেটে এক টাকাও কর বাড়বে না। বরং করহার কমিয়ে আওতা বাড়ানো হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি আরও বলেন, বেসরকারি ব্যাংকের পরিশোধিত মূলধন বাড়িয়ে এক হাজার কোটি টাকা করা হবে, যা এখন আছে ৪০০ কোটি টাকা। এছাড়া বিশেষ বিবেচনায় খেলাপিদের ঋণ পুনঃতফসিলের জন্য অর্থমন্ত্রী সম্প্রতি ৭ শতাংশ সুদহার নির্ধারণ হবে বলে যে ঘোষণা দেন তা সংশোধন করে তিনি বলেন, এ সুদহার হবে ৯ শতাংশ। সংশোধিত সুদহার শীঘ্রই কার্যকর হবে। এর ফলে দেশের ব্যবসা-বাণিজ্য দ্রুত বিকশিত হবে। অর্থমন্ত্রী আবারও বলেন, ইচ্ছাকৃত ঋণখেলাপিদের বিচারের আওতায় আনা হবে। পাশাপাশি সৎ ব্যবসায়ীদের নানা ধরনের প্রণোদনা দিয়ে উৎসাহিত করা হবে। গতকাল (২ এপ্রিল মঙ্গলবার) শেরেবাংলানগরে এনইসি সম্মেলনকক্ষে মিট দ্য প্রেস অনুষ্ঠানে এসব কথা বলেন অর্থমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**৯। আর্থিকখাতে বিশৃঙ্খলা সহ্য করা হবে না : পদ্মা ব্যাংকের সম্মেলনে অর্থমন্ত্রী**

আর্থিকখাতে অব্যবস্থাপনা ও বিশৃঙ্খলা সহ্য করা হবে না বলে কঠোর বার্তা দিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। একইসঙ্গে আগামীতে দেশের ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানে আমানত রেখে কেউ লোকসানে পড়বে না বলেও আশ্বস্ত করেছেন তিনি। গতকাল (২ এপ্রিল মঙ্গলবার) রাজধানীর ওয়েস্টিন হোটেলে বেসরকারি পদ্মা ব্যাংকের বার্ষিক ব্যবসা সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী এ মন্তব্য করেন। তিনি আরও বলেন, টাকার অভাবে নয়, প্রতিষ্ঠান বন্ধ হয় ব্যবস্থাপনার সংকটে। প্রধানমন্ত্রী সব ধরনের অব্যবস্থাপনা, বিশৃঙ্খলার বিরুদ্ধে কঠোর হওয়ার নির্দেশ দিয়েছেন। কোনো ধরনের অব্যবস্থাপনা, বিশৃঙ্খলা সহ্য করা হবে না। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.২), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

**১০। জিপিএ- ৫ এর প্রতিযোগিতায় ম্লান হচ্ছে শৈশব-কৈশোর : শিক্ষামন্ত্রী**

পঞ্চম শ্রেণির প্রাথমিক শিক্ষা সমাপনী ও অষ্টম শ্রেণির জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় উত্তীর্ণ ৫০ শিক্ষার্থীকে বৃত্তি ও সংবর্ধনা দিয়েছে ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ)। গতকাল (২ এপ্রিল মঙ্গলবার) ডিআরইউ-এর সাগর-রুনী মিলনায়তনে এক অনুষ্ঠানে শিক্ষার্থীদের হাতে ক্রেস্ট ও সম্মাননা তুলে দেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। এ সময় মন্ত্রী বলেন, পিএসসি (প্রাথমিক শিক্ষা সমাপনী) ও জেএসসির ফল নিয়ে অভিভাবকরা প্রতিযোগিতায় নামেন। জিপিএ-৫ এর প্রতিযোগিতায় শৈশব ও কৈশোর ম্লান হচ্ছে শিক্ষার্থীদের। শিক্ষার্থীদের পড়ালেখা করতে হবে আনন্দের মধ্য দিয়ে। গত ১০ বছরে শিক্ষা অনেক দূর এগিয়েছে। এখন মানের দিকে নজর দিতে হবে। শিশুরা কতটুকু শিখতে পারছে, জানতে পারছে তা দেখতে হবে। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.৬), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**১১। জাহাজ নির্মাণ শিল্পনীতি প্রণয়নে কারিগরি সহায়তা দেবে নরওয়ে**

বাংলাদেশে নিরাপদ ও পরিবেশবান্ধব জাহাজ নির্মাণ শিল্প বিকাশে জাহাজ নির্মাণ শিল্পনীতি প্রণয়নে কারিগরি সহায়তা করবে নরওয়ে। এছাড়া, টেকসই বেসরকারিখাতের উন্নয়নে একটি 'বেসরকারিখাত উন্নয়ন নীতি' প্রণয়নেও দেশটি প্রয়োজনীয় সহায়তা করতে আগ্রহী। বাংলাদেশে নিযুক্ত নরওয়ের রাষ্ট্রদূত সিডসেল ব্লেকেন গতকাল (২ এপ্রিল মঙ্গলবার) শিল্প মন্ত্রণালয়ে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূনের সঙ্গে বৈঠককালে এ আগ্রহ প্রকাশ করেন। বৈঠকে নরওয়ের রাষ্ট্রদূত বাংলাদেশের বিনিয়োগবান্ধব নীতি কাঠামোর প্রশংসা করে বলেন, বাংলাদেশে বিদেশি বিনিয়োগকারীদের জন্য সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ তৈরি হয়েছে। শিল্পমন্ত্রী বলেন, শিল্পখাতে দক্ষ জনবল সৃষ্টিতে সরকার একটি শিল্প বিশ্ববিদ্যালয় স্থাপনের উদ্যোগ নিয়েছে। নরওয়ে এক্ষেত্রে গবেষণা, প্রযুক্তি ও কারিগরি সহায়তা করতে পারে। **সূত্র : ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **ইনকিলাব** (পৃ.৩,ক.৬)।

**১২। বাংলাদেশ ও নেদারল্যান্ডস এর মধ্যে ব্যবসা ও বিনিয়োগ বৃদ্ধির আশ্বাস**

বাংলাদেশ ও নেদারল্যান্ডস দু'দেশের মধ্যে ব্যবসা ও বিনিয়োগ বৃদ্ধির পাশাপাশি বাংলাদেশের কৃষিপণ্যের প্রক্রিয়াজাত, বিপণন ও সংরক্ষণে সহায়তার আশ্বাস দিয়েছেন বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডস রাষ্ট্রদূত। গতকাল (২ এপ্রিল মঙ্গলবার) কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাকের সাথে সচিবালয়ে তাঁর অফিসকক্ষে নেদারল্যান্ডস রাষ্ট্রদূত হ্যারি ভারওয়েজ সাক্ষাৎ করেন। বৈঠকে কৃষিমন্ত্রী বাংলাদেশের শিক্ষা, অবকাঠামো, যোগাযোগ বিদ্যুৎ ও কৃষিসহ সার্বিক অগ্রগতি সম্পর্কে রাষ্ট্রদূতকে বলেন। এছাড়াও বাংলাদেশের বিভিন্নখাতে নেদারল্যান্ডসের সহায়তার জন্য দেশটির সরকারকে ধন্যবাদ জানান মন্ত্রী। তিনি বাংলাদেশের গৃহিত মেগা প্রকল্প, অর্থনৈতিক অঞ্চলসহ কৃষির নানা দিক নিয়ে কথা বলেন এবং এসব ক্ষেত্রে বিনিয়োগের আহবান জানান। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

**১৩। পবিত্র শবেমেরাজ আজ**

আজ (৩ এপ্রিল বুধবার) পালিত হবে পবিত্র শবেমেরাজ। ইসলাম ধর্মাবলম্বীরা বিশ্বাস করেন, এ রাতে অলৌকিকভাবে মহানবী হযরত মুহাম্মদ (সা.) ঊর্ধ্বাকাশে গমন করে আল্লাহর সঙ্গে কথা বলে পৃথিবীতে ফিরে আসেন। ধর্মীয় ভাবগাম্ভীর্য ও যথাযথ মর্যাদায় মুসলিম জাহান জিকির-আজকার, নফল নামাজ, দোয়ার মধ্য দিয়ে পবিত্র শবেমেরাজের রাত অতিবাহিত করবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮)।

**১৪। জাতীয় চলচ্চিত্র দিবস আজ**

আজ (৩ এপ্রিল বুধবার) জাতীয় চলচ্চিত্র দিবস। মহান স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫৭ সালের ৩ এপ্রিল তদানীন্তন পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদে 'চলচ্চিত্র উন্নয়ন করপোরেশন (এফডিসি)' গঠনের প্রস্তাব উত্থাপন করেন। ঐ দিনটিকে স্মরণ করে ২০১২ সালে প্রথমবার জাতীয় চলচ্চিত্র দিবস উদ্‌যাপন করা হয়। সে ধারাবাহিকতায় এ বছরও উদ্‌যাপন করা হবে দিবসটি। এ উপলক্ষে চলচ্চিত্র ও অভিনয় জগতের বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠন দিবসটি যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। জাতীয় চলচ্চিত্র দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.ক.৬), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**১৫। খেলাধুলা মাদক থেকে শিক্ষার্থীদের দূরে রাখে : যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী**

খেলাধুলা মাদক থেকে শিক্ষার্থীদের দূরে রাখে। তাই সবাইকে খেলাধুলায় অংশগ্রহণ করতে হবে। বর্তমান সরকার খেলাধুলাকে অধিকতর গুরুত্ব দিয়ে দেশব্যাপী ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন ও প্রকল্প গ্রহণ করে যাচ্ছে। গতকাল (২ এপ্রিল মঙ্গলবার) গাজীপুরে ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় প্রধান অতিথির বক্তব্যে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. জাহিদ আহসান রাসেল এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **যায়যায়দিন :** প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স বাড়ছে এ তথ্যে সন্তোষ প্রকাশ করে এ বৃদ্ধির ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইত্তেফাক :** কিশোর গ্যাং গ্রুপের অপরাধপ্রবণতা ক্রমেই বাড়ছে উল্লেখ করে এ অবস্থা রোধে কিশোরদের জন্য পাড়া-মহল্লা ও শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যক্রম জোরদার করার ওপর গুরুত্বারোপ।

গ. **সমকাল :** উচ্চমাধ্যমিক পরীক্ষায় কয়েকটি কেন্দ্রে পুরনো সিলেবাসের প্রশ্ন বিতরণ করার অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা রোধে কঠোর নজরদারির পরামর্শ।

ঘ. **সংবাদ, যুগান্তর, ইনকিলাব :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীতে একের পর এক অগ্নিকাণ্ডে উদ্বেগ প্রকাশ করে মন্ত্রিপরিষদের বৈঠকে অগ্নিনিরাপত্তায় একগুচ্ছ নির্দেশনা দিয়েছেন উল্লেখ করে ভবিষ্যতের বাসযোগ্য নগরী গড়ে তুলতে সুপরিকল্পিত পরিবেশবান্ধব ও টেকসই উন্নয়নের প্রতি লক্ষ্য রেখে এসব নির্দেশনা দ্রুত বাস্তবায়নের সুপারিশ।

ঙ. **যুগান্তর :** ভূমিসংক্রান্ত হয়রানি দূর করতে ভূমি ব্যবস্থাপনা ডিজিটালাইজড করার উদ্যোগ নিয়েছে সরকার উল্লেখ করে এ অবস্থা চালু হলে সেবাপ্রার্থীকে আর হয়রানির শিকার হতে হবে না বলে আশাবাদ প্রকাশ।

চ. **ডেইলি সান :** পরিবেশবান্ধব পাটের শপিং ব্যাগ দ্রুত বাজারজাত করার আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বিশ্ব স্বাস্থ্য সংস্থার এক গবেষণায় বাংলাদেশে প্রতি ১০ জনের মধ্যে চার জন খাদ্যজনিত অসুস্থতায় ভোগে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে খাদ্যে ভেজালরোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, তৃতীয় শ্রেণি পর্যন্ত পরীক্ষা বাদ দেওয়ার উদ্যোগকে স্বাগত জানিয়ে এর সঙ্গে পঞ্চম শ্রেণি থেকে সমাপনী পরীক্ষা তুলে দেওয়ার বিষয়টি বিবেচনায় নিতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বাংলাদেশে কৃষি যান্ত্রিকীকরণে বারির অর্জন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিক্ষিত বেকারদের কৃষি কাজে সংশ্লিষ্টতার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণের সফলতা অর্জন করার লক্ষ্যে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা